



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নং-বেরোবি/রেজি:/অ:আ:/বরখাস্ত/২০১৯/৮৪৪

তারিখ : ২৮/০৮/২০১৯

মোঃ মাসুম খান
সেমিনার সহকারী
ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

বিষয়: বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগে কর্মরত সেমিনার সহকারী মোঃ মাসুম খানকে চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর ২০/০৮/২০১৯ তারিখের স্মারক নং-বেরোবি/রেজি:/কারণ দর্শানো নোটিশ/২০১৯/৮০২-এ প্রেরিত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে আপনি যে জবাব প্রদান করেছেন, তা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি।

যেহেতু আপনি জনাব মো. তাবিউর রহমান প্রধানকে প্রকাশ্যে মাইকে অশ্লীল ভাষায় গালিগালাজ করাসহ নানা ধরনের বাজে ও মানহানিকর বক্তব্য প্রদান করেছেন এবং আপনি তাঁকে অপপ্রচারকারী, অবৈধ, দুষ্কৃতিকারী, সন্ত্রাসী শিক্ষক বলাসহ ক্যাম্পাসে অবাস্তিত ঘোষণা করেছেন (যার ভিডিও ক্লিপ রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষিত রয়েছে); যাতে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে যে, আপনি সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচারণ করেছেন।

সেহেতু বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় আইন-২০০৯ এর ধারা ৪৭-এর (৬) অনুযায়ী এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন আপনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

এই আদেশ ২৮ আগস্ট ২০১৯ তারিখ অপরাহ্ন থেকে কার্যকর হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অবঃ)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য), বেরোবি, রংপুর।
- ২। প্রক্টর, বেরোবি, রংপুর।
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, বেরোবি, রংপুর।
- ৪। বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, বেরোবি, রংপুর।
- ৫। সংস্থাপন শাখা, রেজিস্ট্রার দপ্তর, বেরোবি, রংপুর।
- ৬। ব্যক্তিগত নথি।
- ৭। দপ্তর নথি।